**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 3 FEBRUARY 2026 ,TUESDAY | ৩ ফেব্রুয়ারি ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-64

## পাঁচ লক্ষ টাকার জাল নোট সহ গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ২ ফেব্রুয়ারি : গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে রবিবার রাতে মালদহ জেলা পুলিশ অভিযান চালিয়ে উদ্ধার করে ভারতীয় পাঁচশো টাকার পাঁচ লক্ষ টাকার জাল নোট। সোমবার মালদহ জেলা পুলিশ সুপার অভিজিৎ বন্দোপাধ্যায় সাংবাদিক সম্মেলন করে এ খবর জানান। তিনি বলেন গোপন সুত্রে প্রাপ্ত খবরের ভিত্তিতে মালদহ জেলা পুলিশ রবিবার রাতে মালদহের আই টি আই কলেজ লাগোয়া চোরি অনন্তপুর কামাত এলাকায় মোটর সাইকেল চালিয়ে আসা এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় ভারতীয় পাঁচশো টাকার জাল নোট। তিনি জানান মোট পাঁচটি বান্ডিল উদ্ধার হয়। উদ্ধার হওয়া টাকার পরিমান পাঁচ লক্ষ টাকা। ধৃতের নাম মোশারফ হোসেন (২২), পিতার নাম সামায়ুন আলি, বৈষ্ণবনগর থানার দেওনাপুরের পার বৈদ্যনাথপুরের বাসিন্দা। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা করে আদালতে পেশ করে পরবর্তী পর্যায়ের তদন্তের স্বার্থে ধৃতকে পুলিশি হেফাজতে নেওয়া হয়েছে।নির্দেশ দেন।

## বন কর্মীদের অভিযানে উদ্ধার বার্মা টিক ,বাজেয়াপ্ত ট্রাক সহ কাঠ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২ ফেব্রুয়ারি : বন দপ্তরের বক্সা ব্যাঘ্র প্রকল্প পূর্ব বিভাগের ভল্কা রেঞ্জের কর্মীরা রবিবার রাতে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে অসম থেকে আসা একটি ট্রাক আটক করে তল্লাশী চালান। ট্রাকটিকে বারোবিশায় সাতাশ নম্বর জাতীয় সড়কের পাশে একটি বেসরকারি রিসর্ট লাগোয়া এলাকায় আটক করা হয়। তল্লাশীতে ট্রাক থেকে উদ্ধার হয় পাঁচশো ঘন ফুট বার্মা টিক কাঠ। তল্লাশীর সময় চালক সুযোগ বুঝে পালিয়ে যায়। কাঠ সহ ট্রাকটিকে বাজেয়াপ্ত করে ভল্কা রেঞ্জ অফিসে নিয়ে আসেন বন কর্মীরা। উদ্ধার করা কাঠের মূল্য আনুমানিক পনেরো লক্ষ টাকা। বন কর্মীদের অনুমান কাঠ গুলি অসমের গৌহাটি থেকে উত্তর প্রদেশে পাচারের উদ্দ্যেশ্যে নিয়ে আসা হয়েছিলো। পলাতক চালকের উদ্দ্যেশ্যে তল্লাশী চলছে বলে জানান রেঞ্জার।

## মাধ্যমিক পরীক্ষা শুরুর আগেই পরীক্ষা কেন্দ্রে বিস্ফোরনের ঘটনায় আতঙ্ক পরিক্ষার্থীদের মধ্যে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার ,২ ফেব্রুয়ারি : সোমবার শুরু হয়েছে রাজ্যে মাধ্যমিক পরীক্ষা। কোচবিহারের তুফানগঞ্জ মহকুমার নাককাটিগাছ হাই স্কুলে মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র। এদিন পরীক্ষাকেন্দ্রে ভীড় জমাচ্ছিলো পরীক্ষার্থীরা। সেই সময় আচমকাই স্কুল চত্বরে বিকট শব্দে ঘটে বিস্ফোরণ। বিস্ফোরনের শব্দে রীতিমতো আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয় স্কুলের সামনে, পরোক্ষার্থীরা আতংকে ছোটাছুটি শুরু করেন। কিছুক্ষন বাদে জানা যায় স্কুল চত্বরে থাকা একটি গ্যাস সিলিন্ডার বিস্ফোরনে ফেটে যায়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। আতঙ্কের পরিবেশ কাটিয়ে শুরু হয় মাধ্যমিক পরীক্ষা। পুলিশ জানিয়েছে ঘটনার তদন্ত শুরু করা হয়েছে।

## পরীক্ষার্থীদের জন্য বনদপ্তরের বিশেষ ব্যবস্থা জলপাইগুড়িতে



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ, জলপাইগুড়ি ,২ ফেব্রুয়ারি : আজ থেকে শুরু হল মাধ্যমিক পরীক্ষা, মাধ্যমিক পরীক্ষার্থীদের নিরাপত্তায় কড়া নজরদারি বনকর্মী দের,পরীক্ষার্থীদের জন্য বনদপ্তরের বিশেষ ব্যবস্থা জলপাইগুড়িতে। মাধ্যমিক পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন করতে এবং পরীক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ নজরদারি জোরদার করেছে জলপাইগুড়ি বন বিভাগ। কলাবাড়ি, খেরকাটা ও প্রয়াগপুর এই তিনটি গ্রামে অতিরিক্ত সতর্কতা নেওয়া হয়েছে। কারণ, কলাবাড়ি এলাকায় গত ছয় মাসে চিতা বাঘের হামলায় দু'জনের মৃত্যু হয়েছে এবং একাধিক ব্যক্তি আহত হয়েছেন। ফলে গোটা এলাকায় চিতা বাঘ নিয়ে স্বাভাবিকভাবেই আতঙ্ক বিরাজ করছে।চিতা বাঘ ও মানুষের সংঘাত এড়াতে সুন্দরবনের ধাঁচে চা বাগান সংলগ্ন বস্তিগুলিকে জাল দিয়ে ঘিরে ফেলা হয়েছে। তবুও শ্রমিক ও স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক পুরোপুরি কাটেনি। এই পরিস্থিতিতে মাধ্যমিক পরীক্ষার্থীদের নিরাপত্তার কথা মাথায় রেখে বনদপ্তরের তরফে ওই তিনটি গ্রামের জন্য তিনটি গাড়ির ব্যবস্থা করা হয়েছে।ডায়না রেঞ্জের বনকর্মীরা জানিয়েছেন, যেসব এলাকায় হাতি, চিতা বাঘ ও বাইসনের আনাগোনা বেশি এবং অতীতে হামলার ঘটনা ঘটেছে, সেখানে পরীক্ষা চলাকালীন বাড়তি নজরদারি রাখা হয়েছে। মাধ্যমিক পরীক্ষার প্রথম দিন থেকেই জঙ্গলের ভিতর দিয়ে যাওয়া রাস্তায় বনদপ্তরের গাড়িতে টহলদারি চলছে। পাশাপাশি পায়ে হেঁটেও নিয়মিত টহল দিচ্ছেন বনকর্মীরা।এদিকে মরাঘাট রেঞ্জের অন্তর্গত খট্টিমারি, মোগলকাটা ও খুকলুং বস্তিতেও বিশেষ নজরদারির পাশাপাশি পরীক্ষার্থীদের নিরাপত্তার কথা ভেবে গাড়ির ব্যবস্থা করা হয়েছে। পরীক্ষা চলাকালীন কোনও অপ্রীতিকর ঘটনা এড়াতে বন্যপ্রাণীর গতিবিধির উপর কড়া নজর রাখা হচ্ছে।

# মাধ্যমিক পরীক্ষার আগের দিন পালিয়ে গেল পরীক্ষার্থী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ ফেব্রুয়ারি : প্রেমের টানে প্রেমিকের হাত ধরে বাড়ি থেকে পালিয়ে গেল মাধ্যমিক পরীক্ষার্থী। মাধ্যমিক পরীক্ষার কিছুক্ষণ পূর্বেই ওই পরীক্ষার্থীর মা পুলিশের কাছে মেয়ের নিখোঁজের অভিযোগ দায়ের করার পরেই শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ তদন্ত শুরু করে। এমনটাই জানা গেছে সোমবার রাত আটটা নাগাদ। তদন্তে নেমে পুলিশ জানতে পারে এর আগে এক যুবকের হাত ধরে দুবার বাড়ি ছেড়ে পালিয়ে গিয়েছিল ওই নাবালিকা মাধ্যমিক পরীক্ষার্থী। এদিন পুলিশের কাছে অভিযোগের দায়ের হওয়ার পরেই শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ যুবকের বাড়িতে যায় কিন্তু যুবক বাড়িতে না থাকায় নাবালিকার হদিস পাওয়া যায়নি। উল্লেখ্য মাধ্যমিক পরীক্ষার আগের দিন রবিবার সন্ধ্যায় জেরক্স করার কথা বলে বাড়ি থেকে বের হয়েছিল ওই মাধ্যমিক পরীক্ষার্থী।

# শিলিগুড়ি হিন্দি বালিকা বিদ্যালয়ে ট্রাফিক সচেতনতা কর্মসূচি




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২ ফেব্রুয়ারি : শিলিগুড়ি ট্রাফিক পুলিশের উদ্যোগে সোমবার শিলিগুড়ির হিন্দি বালিকা বিদ্যালয়ে আয়োজিত হয় ট্রাফিক সচেতনতা কর্মসূচি। এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন ডেপুটি কমিশনার অফ ট্রাফিক সহ অন্যান্য আধিকারিকগন। ট্রাফিক পুলিশের আধিকারিকগন এদিন ছাত্রীদের সামনে রাস্তা পারাপার, হেলমেট ও সিটবেল্ট ব্যবহার, ট্রাফিক সিগন্যাল মানা, ফুটপাথ ব্যবহার, ট্রাফিক নিয়ম মেনে চলা প্রভৃতি বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করেন। ডি সি পি ট্রাফিক জানান স্কুল পড়ুয়াদের ছোটো থেকে ট্রাফিক আইন মেনে চলার শিক্ষা দিলে তারা ট্রাফিক আইন মেনে চলতে শিখবে ও তাতে পথ দুর্ঘটনার আশঙ্কা কমবে। স্কুলের প্রধান শিক্ষিকা অর্চনা শর্মা জানান সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচি অনুসারে এদিন স্কুলে সচেতনতা কর্মসূচির আয়োজন করা হয়।

# দীর্ঘদিন ধরে বেহাল রাস্তা , প্রতিবাদে রাস্তায় গাছের গুঁড়ি ফেলে পথ অবরোধ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ, জলপাইগুড়ি ,২ ফেব্রুয়ারি : দীর্ঘদিন ধরে বেহাল রাস্তার প্রতিবাদে রাস্তায় গাছের গুঁড়ি ফেলে পথ অবরোধ, উত্তাল ধূপগুড়ির অরবিন্দ পল্লী।দীর্ঘ প্রায় এক দশকেরও বেশি সময় ধরে বেহাল অবস্থায় পড়ে থাকা রাস্তার সংস্কারের দাবিতে পথ অবরোধে নামলেন ধূপগুড়ি পুরসভার ৭ নম্বর ওয়ার্ডের অরবিন্দ পল্লীর বাসিন্দারা। বুধবার ক্ষোভ উগরে দিয়ে রাস্তায় গাছের গুঁড়ি ফেলে ও বাঁশ বেঁধে পথ অবরোধ করেন তারা।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সিনেমাহল মোড়ের শনি মন্দির থেকে গ্যাস গোডাউন পর্যন্ত এই গুরুত্বপূর্ণ রাস্তাটি প্রায় ১২ বছর ধরে চরম বেহাল অবস্থায় রয়েছে। প্রতিদিন এই রাস্তা দিয়েই ওভারলোডেড লরি ও গ্যাসের ভারী গাড়ি চলাচল করে। পাশাপাশি অন্তত তিনটি ওয়ার্ডের বাসিন্দাদের যাতায়াতের একমাত্র ভরসা এই রাস্তাই। এই রাস্তার পাশেই ধূপগুড়ির প্রাক্তন বিধায়ক মমতা রায়ের বাড়ির। বাসিন্দাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে রাস্তার এই দুরবস্থার কথা বারবার পুরসভাকে জানানো হলেও কোনও কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। পুরসভায় নির্বাচন না হওয়ায় বর্তমানে কোনও পুর বোর্ড নেই, ফলে রাস্তা সংস্কারের বিষয়টি আরও জটিল হয়ে উঠেছে। এই অবস্থায় রাস্তার দায়িত্ব কে নেবে, তা নিয়েই প্রশ্ন উঠছে।খবর পেয়ে ঘটনাস্থলে ধূপগুড়ি থানার পুলিশ পৌঁছে অবরোধকারী বাসিন্দাদের সঙ্গে কথা বলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। তবে স্পষ্ট আশ্বাস না মেলায় বাসিন্দারা অবরোধ তুলতে অস্বীকার করেন। দীর্ঘক্ষণ ধরে রাস্তা অবরোধ করে রাখায় যান চলাচল ব্যাহত হয়।দ্রুত রাস্তা সংস্কারের আশ্বাস দেয়া হলে অবরোধ তুলে নেওয়া হয়। আন্দোলনকারীরা বলেন, "পাঁচ বছরও বেশি সময় ধরে এই রাস্তাটি বেহাল অবস্থায় পড়ে রয়েছে। পৌরসভা কে জানিও কোন লাভ হয়নি। পিচের চাদর উঠে গিয়েছে সংস্কারের কোন উদ্যোগ নেই বর্ষাকালে দুর্ভোগ আরো বেড়ে যায়। তাই বাধ্য হয়ে আমরা পথ অবরোধ করেছি।" প্রাক্তন ভাইস চেয়ারম্যান রাজেশ কুমার সিং বলেন, "এই রাস্তার সংস্কারের ব্যাপারে আগেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে, রাস্তার কাজ কোন কারণে হয়তো শুরু হয়নি।শীঘ্রই কাজ শুরু হবে। পথশ্রী প্রকল্পের আওতায় ৩৪ টি রাস্তার কাজ অনুমোদিত হয়েছে। যার জন্য ৩২ কোটি টাকা খরচ হবে। "

হলি ডে হোম বুকিং
দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।



# নিয়ন্ত্রণ হারিয়ে নয়নজলিতে পড়ল প্লাইবোর্ড বোঝাই লরি



সুস্মিতা রায়, এই যুগ, ময়নাগুড়ি, ২ ফেব্রুয়ারি : গভীর রাতে ময়নাগুড়ির ইন্দ্রামোড়ে দুর্ঘটনা, অল্পের জন্য বড়সড় বিপদ থেকে রক্ষা।নিয়ন্ত্রণ হারিয়ে নয়নজলিতে পড়ে গেল একটি প্লাইবোর্ড বোঝাই লরি। ঘটনাটি ঘটেছে রবিবার গভীর রাত প্রায় তিনটা নাগাদ ময়নাগুড়ি ব্লকের ইন্দ্রামোড় সংলগ্ন এলাকায়। তবে এই দুর্ঘটনায় কোনও হতাহতের খবর নেই।লরির চালক এমডি সেলিম জানান, তিনি বিহার থেকে আসামের উদ্দেশ্যে প্লাইবোর্ড নিয়ে যাচ্ছিলেন। ইন্দিরা মোড় এলাকায় সামনে দিক থেকে আসা একটি গাড়িকে পাশ কাটাতে গিয়েই আচমকা নিয়ন্ত্রণ হারিয়ে লরিটি নয়নজলিতে পড়ে যায়।

ঘটনার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ময়নাগুড়ি থানার পুলিশ। বর্তমানে প্রশাসনের পক্ষ থেকে দুর্ঘটনাগ্রস্ত লরি থেকে প্লাইবোর্ড খালি করে গাড়িটি উদ্ধারের কাজ চলছে।স্থানীয়দের মতে, ওই এলাকায় রাতে ভারী যান চলাচলের সময় আরও সতর্কতা প্রয়োজন। অল্পের জন্য বড়সড় দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে বলে স্বস্তি প্রকাশ করেছেন সকলে।

# মাধ্যমিক পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানালো শিলিগুড়ি পুলিশ কমিশনারেট



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২ ফেব্রুয়ারি : সোমবার মাধ্যমিক পরীক্ষা শুরুর দিনে শিলিগুড়ির মাধ্যমিক পরীক্ষার্থীদের জলের বোতল, ফুল, মিষ্টি ও কলম দিয়ে শুভেচ্ছা জানালো শিলিগুড়ি পুলিশ কমিশনারেট। শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের ডেপুটি কমিশনার রাকেশ সিং অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকদের সাথে নিয়ে শহরের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র গুলি পরদর্শন করেন ও পুলিশ কমিশনারেটের পক্ষ থেকে পরিক্ষার্থীদের হাতে উপহার গুলি তুলে দিয়ে শুভেচ্ছা জানান। তিনি জানান পরীক্ষার্থীদের মনোবল বৃদ্ধির লক্ষ্যেই এই কর্মসূচি।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |